

স্বাক্ষর
২০/০৭/২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

অফিস আদেশ

জনাব এস এম আবু বকর সিদ্দিক, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, সদর, সিরাজগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (এ) (iv) ও ৩ (বি) উপবিধি অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে গত ২৭/০৭/২০১৭ তারিখে বিভাগীয় মামলা রুজু করা হয়। উক্ত বিভাগীয় মামলায় ২৩/০১/২০১৮ তারিখে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২) (বি) উপবিধি মোতাবেক ০১টি বার্ষিক বেতন বৃদ্ধি ০১ (এক) বছরের জন্য বন্ধ (যা অত্রমবর্ধিষ্ণু হবে) রাখার দন্ড প্রদান করা হয়।

যেহেতু, জনাব এস এম আবু বকর সিদ্দিক উক্ত শাস্তির বিরুদ্ধে আপিলেট কর্তৃপক্ষের নিকট নির্ধারিত সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপিল আবেদন দাখিল করেন এবং ০৮.০৫.২০১৮ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারীকে প্রদত্ত শাস্তি, বিভাগীয় মামলার রেকর্ডপত্র, আপিল আবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তার আপিল মঞ্জুরপূর্বক শাস্তির আদেশ বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫-এর ২২(২) [বর্তমানে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২১ (২)] উপবিধি মোতাবেক জনাব এস এম আবু বকর সিদ্দিক-এর আপিল আবেদন মঞ্জুরপূর্বক গত ২৩/০১/২০১৮ তারিখের ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৫৮.১৭-৬১ নং স্মারকে প্রদত্ত শাস্তির আদেশ বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.০৬২.১৭- ৫২১৮

তারিখঃ ২৩/০১/১৪২৫।
২৪/১৮ ২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. সিস্টেম ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ।
৪. উপজেলা শিক্ষা অফিসার, সদর, সিরাজগঞ্জ (সংশ্লিষ্ট কর্মচারীর চাকরী বহিতে আদেশটি লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, সিরাজগঞ্জ।
৬. পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (পরিচালক-প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জনাব এস এম আবু বকর সিদ্দিক, উচ্চমান সহকারী কাম হিসাব রক্ষক, উপজেলা শিক্ষা অফিস, সদর, সিরাজগঞ্জ।
৮. সংরক্ষণ নথি।

সিস্টেম ম্যানেজার (আইএমডি)

| | |
|--------------------------|-------------------------|
| <input type="checkbox"/> | সিস্টেম ম্যানেজার-১ |
| <input type="checkbox"/> | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার |
| <input type="checkbox"/> | সিস্টেম ম্যানেজার-২ |
| <input type="checkbox"/> | সহঃ প্রোগ্রামার-১ |
| <input type="checkbox"/> | সহঃ প্রোগ্রামার-২ |
| <input type="checkbox"/> | সহঃ মেইনঃ ইঞ্জিনিয়ার-১ |
| <input type="checkbox"/> | সহঃ মেইনঃ ইঞ্জিনিয়ার-২ |

সিস্টেম ম্যানেজার আইএমডি

মোঃ আবুল কাশেম মিয়া
সহকারী পরিচালক (তঃ ও শৃঃ)
ফোন: ৫৫০৭৪৮৮০